গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১০১.১৬.০৪৭.১৬.২৫০ তারিখ: ২ চৈত্র ১৪২৩ / ১৬ মার্চ ২০১৭

বিষয়: মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় অন্তর্ভূক্তির জন্য এ মন্ত্রণালয়ের প্রতিবেদন প্রেরণ।

সূত্র: অর্থ বিভাগের পত্র নম্বর আ. স. প. নং ০৭.০৯৪.০১৬.০০.০০.১০২.২০১৬-০৩, তারিখ: ১২ মার্চ ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এ সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রে চাহিত তথ্যাদি হার্ডকপি ও সফট কপি (নিকষ ফন্টে, পেনড্রাইভে) আগামী **২৩ মার্চ ২০১৭** তারিখের মধ্যে সরাসরি বাজেট অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ (এক) পাতা।

১২/৩/১৭
মোঃ ফরহাদ হোসেন
সহকারী সচিব
ফোন: ৯১৩৯৮৯৬
Email: d10@mod.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। পরিচালক, বাজেট পরিদপ্তর, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (সেনা), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩। পরিচালক, বাজেট পরিদপ্তর, নৌ-সদর, বনানী, ঢাকা।
৪। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ), লালাসরাই নাবিক কলোনী, মিরপুর-১৪, ঢাকা।
৫। পরিচালক, অর্থ পরিদপ্তর, বিমান সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (বিমান), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮। মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা।
৯। পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১০। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১। মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১২। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৩। কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৪। প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৫। মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬। পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ইএলইবি), ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৮। কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৯। কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
২০। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
২১। পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।
২২। অধিনায়ক, এমওডিসি সদর দপ্তর, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।
২৩। সিজিডিএফ, সিজিডিএফ-এর কার্যালয় সেগুনবাগিচা, ঢাকা।
২৪। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২৫। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৬। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা।
২৭। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২৮। সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়), সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
৩০। পরিচালক, গুপ্ত সংকেত পরিদপ্তর, ঢাকা।
৩১। উপসচিব, ডি-১১ (প্রশাসন), প্রতিরক্ষা মন্ত্রণালয়।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয় (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (সাধারণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

সচিবের দপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডায়েরি নং ২২০৭ তারিখ: ২৭/৩/১৭
☑ অতি. সচিব ☐ জরুরি ব্যবস্থা নিন
☑ যুগ্মসচিব (পু:উ:/২/৫) ☐ উপস্থাপন করুন
☐ প্রকৌশল উপদেষ্টা ☐ ব্যবস্থা নিন
☐ উপসচিব ১/২/৩/৪/৫ ☐ আলোচনা করুন
☐ একান্ত সচিব ☐ নথিভুক্ত করুন
☐ হিসাবরক্ষণ কর্মকর্তা ☐ অনুমোদিত
ভারপ্রাপ্ত সচিব

হেদায়েতুল্লাহ আল মামুন
সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

আ.স.প.নং-০৭.০৯৪.০১৬.০০.০০.১০২.২০১৬-০৩

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
১২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

প্রিয় সচিব,

আপনি জেনে আনন্দিত হবেন যে, অর্থ বিভাগ প্রতি বছরের মত এ বছরও বাজেট বক্তৃতা প্রণয়নের কাজ শুরু করেছে। বাজেট বক্তৃতা দীর্ঘমেয়াদী ভিশন ও মধ্যমেয়াদী লক্ষ্যসমূহ অর্জনের জন্য সরকারের স্বল্পমেয়াদী অর্থনৈতিক কর্মপরিকল্পনা সম্বলিত একটি গুরুত্বপূর্ণ দলিল। মাননীয় অর্থমন্ত্রী এ বাজেট বক্তৃতায় সরকারের লক্ষ্য ও পরিকল্পনা, সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি, চলমান অর্থনৈতিক কার্যক্রম, বাজেট কাঠামো ও অগ্রাধিকার খাতভিত্তিক সম্পদ বন্টন এবং সম্পদ আহরণ ইত্যাদি বিষয়ে একটি সুস্পষ্ট ধারণা মহান জাতীয় সংসদের মাধ্যমে জনগণের সামনে তুলে ধরেন। বিগত বছরগুলোতে বাজেট বক্তৃতা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহে আপনার মন্ত্রণালয়/বিভাগ যে আন্তরিক সহযোগিতা প্রদান করেছে তা আমি কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। আমি আশা করি এবারও আপনার মন্ত্রণালয়/বিভাগ সময়মত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করে বাজেট বক্তৃতা প্রণয়নের কাজকে সহজ করে তুলবে।

০২। আগামী ২০১৭-১৮ অর্থবছরের বাজেট বক্তৃতাকে তথ্যসমৃদ্ধ এবং সরকারের চলমান আর ভবিষ্যৎ কর্মকান্ডের অর্থবহ দলিল হিসেবে উপস্থাপন করার লক্ষ্যে আপনার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সংশ্লিষ্ট কতিপয় বিষয়ে আপনার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি:

| ক্রম. | প্রয়োজনীয় তথ্য-উপাত্ত |
|---|---|
| ১ | ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন (বুলেট পয়েন্ট আকারে গুরুত্বের ক্রমানুসারে) |
| ২ | ২০১৬-১৭ অর্থবছরের উল্লেখযোগ্য অর্জন (বিশেষত: ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে প্রতিশ্রুত কার্যক্রমসমূহ) |
| ৩ | ২০১৭-১৮ অর্থবছরের কর্ম-পরিকল্পনা (সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্য বজায় রেখে) |
| ৪ | মধ্যমেয়াদি সংস্কার/কর্ম-পরিকল্পনা (২০১৭-১৮ হতে ২০১৯-২০ পর্যন্ত) |
| ৫ | সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুসারে মন্ত্রণালয়/বিভাগ এর করণীয় সম্পর্কে তালিকা |

০৩। উপরের অনুচ্ছেদে বর্ণিত তথ্য-উপাত্ত নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) আলোকে উপস্থাপন করার জন্যও বিশেষভাবে অনুরোধ করছি:

- ✓ অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি বিশেষ করে দারিদ্র্য ও অসমতা হ্রাস এবং আর্থ-সামাজিক অগ্রগতি
- ✓ ভৌত অবকাঠামো বিনির্মাণ (বিদ্যুৎ ও জ্বালানি, যোগাযোগ অবকাঠামো, কৃষি, পানিসম্পদ ও পল্লী উন্নয়ন)
- ✓ মানব সম্পদ উন্নয়ন (শিক্ষা, দক্ষতা উন্নয়ন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, বিজ্ঞান ও প্রযুক্তি)
- ✓ জনকল্যাণ (খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা, নারী ও শিশু উন্নয়ন, মুক্তিযোদ্ধা, প্রবাসী ও সুবিধাবঞ্চিতদের কল্যাণ, অভ্যন্তরীণ ও বৈদেশিক কর্মসংস্থান)
- ✓ শিল্পায়ন, বিনিয়োগ, বাণিজ্য, আবাসন ও পরিকল্পিত নগরায়ন
- ✓ ডিজিটাল বাংলাদেশ গঠন
- ✓ দেশীয় কৃষ্টি, সংস্কৃতি, ক্রীড়া ও ঐতিহ্য সংরক্ষণ, মুক্তিযুদ্ধের চেতনা
- ✓ আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সহযোগিতা
- ✓ জলবায়ু পরিবর্তন, প্রশমন ও পরিবেশ সুরক্ষা
- ✓ সুশাসন (প্রশাসনিক সংস্কার, জনশৃঙ্খলা, স্থানীয় সরকার, ভূমি প্রশাসন ও ব্যবস্থাপনা, ব্যাংক ও আর্থিক খাত, আইনের শাসন, জবাবদিহিতা, দুর্নীতি দমন, ব্যবসা পরিবেশ উন্নয়ন, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা)
- ✓ পিপিপি খাতে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম এবং
- ✓ নিজ অধিক্ষেত্রভুক্ত প্রাসঙ্গিক অন্য যে কোন গুরুত্বপূর্ণ বিষয়

শাখা ডি-১
ডায়েরী নং ২১২
তাং ২৭/৩/১৭

০৪। প্রতিবেদনে আপনার মন্ত্রণালয়/বিভাগের Key Performance Indicators বা Outcome Indicators সম্পর্কিত তথ্য থাকলে তা হবে অত্যুত্তম। অধিকন্তু ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের উদ্দেশ্যে গৃহীত/পরিকল্পিত কার্যক্রম সম্পর্কিত তথ্য বাজেট বক্তৃতাকে সমৃদ্ধ করবে। আপনার মন্ত্রণালয়ের প্রতিবেদনটিকে যতটা সম্ভব সুনির্দিষ্ট, সংক্ষিপ্ত ও পরিসংখ্যানভিত্তিক করার জন্যও বিশেষ অনুরোধ রইলো।

০৫। বর্ণিত বিষয়গুলো বিবেচনায় নিয়ে আগামী ২০১৭-১৮ অর্থবছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্ত করার জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগের তথ্য-উপাত্ত সম্বলিত একটি প্রতিবেদন (বাংলা নিকষ ফন্টে) আগামী ৩১ মার্চ ২০১৭ তারিখের মধ্যে অর্থ বিভাগের উপসচিব (রাজস্ব নীতি-৩) শেখ মনিরুজ্জামান এর নিকট এবং প্রতিবেদনের সফট্ কপি smonir@finance.gov.bd অথবা amannan3@finance.gov.bd এ প্রেরণের বিষয়ে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

আন্তরিকভাবে আপনার,

১২/৩/১৭
(হেদায়েতুল্লাহ আল মামুন)

জনাব আখতার হোসেন ভূইয়া
ভারপ্রাপ্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা।